## উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা এর অক্টোবর ২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

**সভাপতিঃ মোঃ আব্দুল খালেক, চেয়ারম্যান,**
**উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা**
**স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ**
**তারিখঃ ২৯ অক্টোবর ২০২০ , সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা ।**
**সভায় উপস্থিত বৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন । তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ সোহেল রানাকে অনুরোধ জানান । উপজেলা নির্বাহী অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে বিগত সেপ্টেম্বর ২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী সভায় পাঠকরে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান । অদ্যকার সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত হয় ।

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | (২) এ.ডি.পি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজ | উপজেলা নির্বাহী অফিসার ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় (এডিপি) এর ১ম কিস্তির ৩১.৪৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায় । উক্ত বরাদ্দের আলোকে উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নিদেশিকা অনুসারে খাতভিত্তিক বিভাজন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান এবং উক্ত বরাদ্দ অনুপাতে অগ্রাধিকার ভিত্তিক বিধি মোতাবেক দৃশ্যমান উন্নয়ন প্রকল্প দাখিলের জন্য সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান । | বিস্তারিত আলোচনান্তে ২০২০-২০২১ সালের প্রাপ্ত বরাদ্দ অনুসারে নীতিমালা মোতাবেক খাতভিত্তিক বিভাজন এবং পঞ্চবার্ষিকি ও বার্ষিক পরিকল্পনা অনুসারে এবং ইউপি ও অন্যান্য বিভাগ হতে প্রাপ্ত প্রকল্পসমূহের ভিত্তিতে প্রকল্প বাছাই করতঃ পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয় । | উপজেলা পরিষদ ও উপজেলা প্রকৌশলী |
| | | মহিলা ভাইস চেয়ারম্যান বলেন যে, এবারের বন্যায় উপজেলা পরিষদের অভ্যন্তরিন রাস্তাসমূহের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে তিনি পরিষদের অভ্যন্তরিন ভাঙ্গা রাস্তসমূহের পুনঃ নির্মাণের প্রস্তাব করেন । চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি মহোদয়ও পরিষদের অভ্যন্তরিন রাস্তাসমূহ জরুরী সংস্কার/পুনঃ নির্মাণের নিমিত্ত মহিলা ভাইস চেয়ারম্যানের প্রস্তাবের সাথে একমত পোষন করেন এবং পরিষদের উক্ত কাজসহ কৈলাটী ইউনিয়নের সিধলী বাস স্ট্যান্ড হতে সিধলী বাজার রাস্তা সংস্কার ও ফসলি জমি রক্ষায় লিলুয়া বিল হতে বড়কান্দা এবং জসিউরা খালের সুইজ গেইট হতে নালা খনন কাজ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে পিআইসির মাধ্যমে রাস্তাসমূহ সংস্কারের পরামর্শ দেন । অতঃপর উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের অভ্যন্তরিন রাস্তা পুনঃনির্মাণ ও গাইড ওয়াল নির্মাণসহ অন্যান্য প্রকল্পসমূহ সভায় উপস্থাপন করেন । | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে নিম্নবর্ণিত উন্নয়ন প্রকল্প সমূহ বিভাজন করতঃ প্রকল্প কমিটির মাধ্যমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে এবং কেতুকি ভবনের কাজ বিআরডিবির অর্থায়নে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয় । প্রকল্প তালিকা পরিশিষ্ট খ দ্রষ্টব্য । | উপজেলা পরিষদ |
| | | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, গত অর্থ বছরে এ উপজেলার পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করা হয়েছিল, যা উপজেলাকে এগিয়ে নেয়ার একটি যুগান্তকারী পদক্ষেপ । কিন্তু তা বহি আকারে প্রকাশ না করায় এবং ইএএলজি এর গাইডলাইন অনুসারে না হওয়ায় অত্র উপজেলার পঞ্চবার্ষিকী ও বার্ষিক পরিকল্পনা পুনঃ প্রণয়ন করতঃ তা বহি আকারে প্রকাশ করতে হবে । এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধানগণ ও সংশ্লিষ্ট সকলেই প্রকল্প তালিকা ও তথ্য দিয়ে সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ জানান । | উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী ও বার্ষিক পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ঠ সকলেই সর্বাত্মক সহযোগিতা করবেন । | উপজেলা পরিষদ ও বিভাগীয় প্রধানগণ । |
| ০২ | (৩) বিভাগীয় আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার বলেন কলমাকান্দা উপজেলা একটি দুর্গম ও অনগ্রসর উপজেলা, তাই এ উপজেলার ব্যাপক উন্নয়ন অপরিহার্য । জাইকার মাধ্যমে এ উপজেলা ব্যাপক উন্নয়ন সম্ভব। কিন্তু জাইকার অন্তর্ভূক্ত হতে হলে উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রম নীতিমালার আলোকে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে । পঞ্চবার্ষিক ও বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, খাত ভিত্তিক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন, নারী উন্নয়ন । তাছাড়া উপজেলা পরিষদের কমিটি (স্থায়ি কমিটিসমূ) সমূহের নিয়মিত সভা করা এবং সভার কার্যবিবরণী উপজেলা পরিষদ সভায় উপস্থান করা এবং বিভাগীয় কর্মকর্তাদের পরিষদ সভায় নিয়মিত উপস্থিত থাকা । তাই উপজেলা নির্বাহী অফিসার বিভাগীয় প্রধানদের নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ উপজেলা পরিষদের কমিটিসমূহের নিয়মিত সভা করার অনুরোধ জানান । | বিস্থারিত আলোচনান্তে সিদ্ধান্ত হয় - উপজেলা পরিষদের ১৭ টি কমিটির নিয়মিত সভা করে সভার কার্যাবিবরণী উপজেলা পরিষদ সভায় উপস্থান করতে হবে । | সকল বিভাগীয় প্রধানগণ |

চলমান পাতা-০২

| | | | | |
|---|---|---|---|---|
| | (১) উপজেলা প্রকৌশল বিভাগ | জনাব ইমরান হোসেন, উপ-সহকারী প্রকৌশলী সভায় বলেন পর পর ০৩ (তিন) বরের বন্যায় এ উপজেলায় ৩৫০০ কিঃমিঃ রাস্তার ক্ষয়ক্ষতি হয়েছে । ব্রীজ -কালর্ভাট, পাকা সড়ক সংস্কারের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | জনগণের দুর্ভোগ লাঘবে বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা-ঘাট ও ব্রীজ কালভার্ট দ্রুত সংস্কার করার বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণপূর্বক তা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| | (২) উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন যে, শীতকালে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব বৃদ্ধি পেতে পারে । তাই সকলকে সচেতন থাকতে হবে । সকলেক মাস্ক ব্যবহার করতে হবে। | শীতকালে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমনের বিষয়ে সকলকে সতর্ক থাকতে হবে । ঘর হতে বাহির হলেই মাস্ক ব্যবহার করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| | (৩) উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন যে, কলমাকান্দা উপজেলা পাহাড়, নদী-নালা ও হাওর বেষ্টিত কৃষি নির্ভর একটি দুর্গম উপজেলা। তাই প্রতিবছরই এ উপজেলায় বন্যা হয় । এবারের বন্যায়ও অত্র উপজেলার প্রায় ২২ হেক্টর জমির আমন ধান পানির নীচে চলে যায় । সবজির ফসলও বন্যান পানিতে ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত কৃষকদের সহযোগিতা স্বরুপ সরিষা, মাসকালাই ও বিভিন্ন জাতের সবজির বীজ দেয়া হবে । সভাপতি এ বীজ প্রকৃত কৃষক যেন পায় তা নিশ্চিত করার কথা বলেন। | বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। বিভিন্ন ধরনের কৃষি প্রনোদনা প্রকৃক কৃষকদের মাঝে বিতরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| | (৪) উপজেলা প্রানিসম্পদ বিভাগ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা বলেন যে, তারঁ দপ্তরের কাজকর্ম স্বাভাবিক । কোন সমস্যা নেই । তিনি খামারী ও কৃষকদের করোনা ভাইরাসের বিষয়ে সতর্ক ও সচেতন করছেন বলে জানান। | শীতকালে করোনার প্রভাব বৃদ্ধি পেতে পারে । তাই পশু খামারীদেরসহ সকলকে করোনা সম্পর্কে সচেতন করতে হবে এবং মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা |
| | (৫)উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন যে, বার বারের বন্যায় হ্যাচারী ও মৎস্য খামারের ব্যাপক ক্ষতি হয়েছে । খামার/হ্যাচারী হতে মাছ/মাছের পোনা ভেসে গেছে । বন্যায় ক্ষতিগ্রস্ত খামারীদের তালিকা তৈরী করে প্রয়োজনীয় সহযোগিতর জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে । | বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্য খামারী ও মৎস্য চাষীসহ মৎস্য হ্যাচারী ও খামারীদের প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| | (৬) উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন যে, অত্র উপজেলার ১৭২টি প্রাথমিক বিদ্যালয়ে ফিডিং কর্মসূচি চলছে । তিনি বলেন ৮টি স্কুলের অবকাঠামোর অবস্থা খুবই নাজুক। তাছাড়া অনেক স্কুল জরাজীর্ণ । অতিবৃষ্টি ও বন্যার কারণে ৪৭টি স্কুলের মাঠে পানি উঠেছে। তিনি ক্ষতিগ্রস্ত স্কুলের সংস্কারের কথা বলেন। | বন্যায় ক্ষতিগ্রস্ত স্কুলসমূহের প্রয়োজনীয় সংস্কারের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা প্রকৌশলী। |
| | (৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, তাদের দাপ্তরিক কাজকর্ম ভাল । তিনি বলেন করোনা মহামারীতে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে অনলাইনে পাঠদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে । তাছাড়া এ্যাসাইনম্যানের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মূল্যায়ন করা হবে। | অনলাইন ক্লাসের বিষয়ে ছাত্র-ছাত্রীদের উৎসাহ দিতে হবে এবং এ্যাসাইনম্যানের বিষয়ে অভিভাবকদের সচেতন করতে হবে। ছাত্র-ছাত্রীদের মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| | (৮)উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, এ উপজেলার প্রতিটি ক্লিনিকে জনবল সংকট রয়েছে । তবুও করোনা ভাইরাস মোকাবেলায় সরকারি নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | অত্র উপজেলার প্রতিটি ক্লিনিকে সেবার মান বৃদ্ধি করতে হবে এবং করোনা কালে সরকারি নির্দেশনার প্রতি গুরুত্ব দিতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| | (৯) সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি বলেন যে, উপজেলা সমাজসেবা অফিসের কাজকর্ম স্বাভাবিক । কোন সমস্যা নেই। | বিভন্ন ভাতা প্রকৃত উপকারভোগী নিজে বা তার মনোনীত প্রতিনিধি উত্তলন করতে পারে সে বিষয় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| | (১০) উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, সমবায় অফিসের দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিক। কোন সমস্যা নেই। | অত্র উপজেলায় সে সকল সমবায় সমিতি নিবন্ধিত আছে, সেগুলির হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, |
| | (১১) উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, মাতৃত্বকালীন ভাতার উপকারভোগি নির্বাচনের কাজ চলছে । তাছাড়া বিজিডি এর জন্য অনলাইনে আবেদন কার্যক্রম চলমান । নীতিমালা মোতাবেক মাতৃত্ব ভাতা ভিজিডির উপকারভোগী নির্বাচন করা হবে। | সেবা প্রত্যাশিদের সেবা নিশ্চিত করতে হবে। মাতৃত্ব ভাতা ও ভিজিডির উপকারভোগী নির্বাচনে সম্পূর্ণ নীতিমালা অনুসরণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও ইউপি চেয়ারম্যানবৃন্দ |

চলমান পাতা-০৩

| | | | | |
|---|---|---|---|---|
| | (১২) উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজকর্ম ভাল। কোন সমস্যা নেই। | অফিসের রুটিন কাজ নিয়মিত সম্পন্ন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| | (১৩) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি বলেন যে, তার দপ্তরের কার্যকর্ম স্বাভাবিক আছে। কোন সমস্যা নেই। | ব্রীজ এবং রাস্তার উন্নয়ন কাজ/প্রকল্পসমূহ প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন ও সঠিকভাবে মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| | (১৪) উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিক বলে জানান এবং করোনা মহামারীতে তার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করছেন। | দপ্তরের কাজের গতি বৃদ্ধি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | (১৫) সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প | উপজেলা আমার বাড়ী আমার খামারের সমন্বয়কারী বলেন যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবরোধে সরকারি নির্দেশনা মেনে চলছেন এবং দাপ্তরিক কাজকর্ম করছেন। সমিতিগুলো নিয়মিত মনিটরিং করছেন বলে জানান। | করোনাকালে সরকারি নির্দেশনা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে এবং মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। | সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প |
| | (১৬) জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বলেন যে, এ বারের বন্যায় সুপেয় পানির সমস্যা হয়েছে, তাই এ বিষয়ে কাজ করছেন বলে জানান। | করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এর বিষয়ে সচেতন হতে হবে এবং হাত ধোয়ার স্থলে প্রয়োজনীয় সাবান সর্বদা রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| | (১৭) পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা বলেন যে, দাপ্তরিক কাজের পাশাপাশি সমিতির সদস্যগণকে করোনা বিষয়ে সচেতন করছেন। | বন্যায় ক্ষতিগ্রস্ত সদস্যদের প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। | ব্যবস্থাপক,পদাধিকা, ও ইউপি চেয়ারম্যানবৃন্দ |
| | (১৮) উপজেলা বন কর্মকর্তা | উপজেলা বন কর্মকর্তা বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকি উপলক্ষে নির্ধারিত হারে বিভিন্ন প্রজাতির গাছের চারা বিতরন কাজ চলছে। উক্ত চারা সঠিকভাবে লাগানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান | চারা যেন নষ্ট না হয় সে দিকে লক্ষ রাখতে হবে। করোনার প্রাদুর্ভাবের বিষয়েও সতর্ক থাকতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| | (১৯) বিদ্যুৎ বিভাগ | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কলমাকান্দা, নেত্রকোণা বলেন যে, আগামী ২ সপ্তাহের মধ্যে উপজেলা পরিষদের বিদ্যুতের সংস্কার কাজ শুরু হবে। তিনি সরকারি কোয়ার্টারে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীর বিদ্যুৎ বিল দ্রুত পরিশোধর জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদের মেইন মিটার অপসারণসহ বিদ্যুৎ লাইন সংস্কার ও লাইটিং এর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। সরকারি কোয়ার্টারে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীগনের বকেয়া বিদ্যুৎ বিল দ্রুত পরিশোধের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কলমাকান্দা |
| | ২০) উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিক। কোন সমস্যা নেই। | অফিসে নিয়মিত উপস্থিত থেকে দাপ্তরিক কাজের গতি বৃদ্ধি করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| | (২১) ইউপি চেয়ারম্যান, সদর | ইউপি চেয়ারম্যান, কলমাকান্দা বলেন যে, সদর ইউনিয়ন হিসেবে তার ইউনিয়নে কাজকর্ম অনেক বেশী। শীতে করোনা বাড়তে পারে, তাই তিনি এ বিষয়ে সদর ইউনিয়নের জনগণকে সচেতন করছেন এবং মাস্ক ব্যবহারে জনগণকে উদ্বুদ্ধ করছেন। | করোনার বিষয়ে জনগণকে সতর্ক করতে হবে। মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। | ইউপি চেয়ারম্যান |
| | (২২)ইউপি চেয়ারম্যান, বড়খাপন | ইউপি চেয়ারম্যান, বড়খাপন বলেন যে, এ বছর ৪ বারের বন্যায় তার ইউনিয়নের ব্যাপক ক্ষতি হয়। তিনি বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তার দ্রুত সংস্কারেরর প্রস্তাব করেন। তার ইউনিয়নের আমন ধান বন্যায় তলিয়ে যায়। এতে প্রায় ৪০% কৃষক ক্ষতিগ্রস্ত হয়। | এবারের বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তার উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেল প্রকৌশলী |
| | (২৩)ইউপি চেয়ারম্যান, পোগলা | ইউপি চেয়ারম্যান, পোগলা বলেন যে, এ বছর ৪ বারের বন্যায় তার ইউনিয়নের ব্যাপক ক্ষতি হয়। তিনি বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তার দ্রুত সংস্কারেরর প্রস্তাব করেন। তার ইউনিয়নের আমন ধান বন্যায় তলিয়ে যায়। এতে প্রায় ৪০% কৃষক ক্ষতিগ্রস্ত হয়। | এবারের বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তার উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেল প্রকৌশলী |
| | (২৪) ইউপি চেয়ারম্যান, নাজিরপুর | ইউপি চেয়ারম্যান, নাজিরপুর, বলেন যে, এবারের বন্যায় তার ইউনিয়নের ব্যাপক ক্ষতি হয়েছে। ২ টি মসজিদের ব্যাপক ক্ষতি হয়েছে। গরুর হাটের ড্রেইন নদিতে ভেংগে পড়েছে। তিনি এগুলি সংস্কার/পুনঃ নির্মানের প্রস্তাব করেন। তিন বলেন আরও বলেন নাজিরপুর বাজারে ও নলছাপরা বাজারে ০২ টি মহিলা মার্কেট আছে। কিন্তু মার্কেট ০২ টি কি অবস্থায় আছে তার জানা নেই। আরএমপির মহিলা রাস্তায় কাজ করছেন কিন্তু ইউপি চেয়ারম্যানবৃন্দ এ বিষয়ে কিছুই জানেন না। | বন্যায় ক্ষতিগ্রস্ত জনগণকে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে এবং ক্ষতিগ্রস্ত ড্রেইন ও মসজিদ সংস্কার/পুনঃ নির্মাণের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরে পত্র দিতে হবে। তাছাড়া এ উপজেলার মহিলা মার্কেটগুলির বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। আরএমপির মহিলাদের কাজের বিষয়ে ইউপি চেয়ারম্যানবৃন্দের সাথে পরামর্শ করে ব্যবস্থা নিতে হবে। | উপাজেলা প্রকৌশলী |

চলমান পাতা-০৪

| | | | | |
|---|---|---|---|---|
| | (২৫)ইউপি চেয়ারম্যান, রংছাতি | ইউপি চেয়ারম্যান, রংছাতি বলেন যে, এ বছর ৪ বারের বন্যায় তার ইউনিয়নের ব্যাপক ক্ষতি হয়। তিনি বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তার দ্রুত সংস্কারের প্রস্তাব করেন। তার ইউনিয়নের আমন ধান বন্যায় তলিয়ে যায়। এতে প্রায় ৪০% কৃষক ক্ষতিগ্রস্ত হয়। | এবারের বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তার উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| | (২৬)ইউপি চেয়ারম্যান, খারনৈ | ইউপি চেয়ারম্যান, খারনৈ বলেন যে, এবারের বন্যায় খারনৈ ইউনিয়নের রাস্তা-ঘাট ও ব্রীজ-কালভার্টের ব্যাপক ক্ষতি হয়েছে। তিনি ক্ষতিগ্রস্ত রাস্তা-ঘাট ও ব্রীজ-কালভার্টের দ্রুত সংস্কারের প্রস্তাব করেন। | খারনৈ ইউনিয়নে বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা-ঘাট ও ব্রীজ-কালভার্টের তালিকা করে দাখিলের জন্য বলা হয়। | ইউপি চেয়ারম্যান |
| | (২৭)ইউপি চেয়ারম্যান, কৈলাটী | ইউপি চেয়ারম্যান, কৈলাটী বলেন যে, কর্মসূচীর কাজ সঠিকভাবে হয়না। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা বলেন। | কর্মসূচীর কাজ শুরু হলে এর সঠিকভাবে মনিটরিং করতে হবে। | ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | (২৮)ইউপি চেয়ারম্যান, লেংগুড়া | ইউপি চেয়ারম্যান, লেংগুরা বলেন যে, এ উপজেলা অনগ্রসর উপজেলা। তাই তিনি উন্নয়ন কাজের বরাদ্দ বৃদ্ধির কথা বলেন। | রাস্তাসহ বিভিন্ন উন্নয়ন কাজের জন্য বরাদ্দ বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| | (২৯) মহিলা ভাইস চেয়ারম্যান | মহিলা ভাইস চেয়ারম্যান বলেন যে, বিজিডির জন্য আবেদন উন্মুক্ত। অনলাইনে যে কেহ আবেদন করতে পারবেন। তিনি বলেন সারা বিশ্বে বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রভাব শীতে মারাত্মক আকার ধারণ করছে। এ ভাইরাসের সংক্রমন রোধে সকলকে মাস্ক ব্যবহার করার অনুরোধ জানান। তিনি নারী উন্নয়নে এডিপি হতে ৩% বরাদ্দ নিশ্চিত করার কথা বলেন। | করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ কল্পে সরকারি নির্দেশনা মেনে চলতে ও মাস্ক ব্যবহার করতে জনগণকে সচেতন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| | (৩০)ভাইস চেয়ারম্যান | উপজেলা ভাইস চেয়ারম্যান বলেন যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবরোধকল্পে সরকারি নির্দেশনা এবং স্বাস্থ্যবিধি সকলেই মেনে চলতে হবে। সামাজিক দুরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক ব্যবহার করতে হবে। | করোনা ভাইরাস মোকাবেলায় জনসাধারণকে সচেতন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| | (৩১) উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব শীতকালে বৃদ্ধি পেতে পারে। তাই করোনা প্রতিরোধে সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। উপজেলা পরিষদ হতে এ উপজেলায় ১০ হাজারেরও অধিক মাস্ক বিতরণ করা হয়েছে। সকলেরই মাস্ক ব্যবহার করা বাধ্যতামূলক বলে তিনি জানান। কলমাকান্দা উপজেলা প্রতি বছরই পাহাড়ী ঢল ও অতিবৃষ্টিতে বন্যা হয়। এবারও পর পর চার বারের পাহাড়ী ঢলে ও অতিবৃষ্টিতে ব্যাপক বন্যা হয়। এতে রাস্তা/ব্রীজ/কালভার্টসহ জনগণের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান, রাস্তা, ব্রীজ/কালভার্ট জরুরী সংস্কারের জন্য উপজেলা প্রকৌশল অফিস প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছেন। | শীতকালে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবরোধে বাধ্যতামূলকভাবে সকলকে মাস্ক ব্যবহার করতে হবে, বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা-ঘাট, ব্রীজ কালভার্টের তালিকা করে দ্রুত সংস্কার/পুনঃ নির্মাণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| | (৩২) সভাপতি ও উপজেলা চেয়ারম্যান | সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন করোনা ভাইরাস (কেভিড-১৯) সমস্ত বিশ্বে ছড়িয়ে পড়ছে। শীতে এ ভাইসের প্রাদুর্ভাব বৃদ্ধি পেতে পারে। তাই উক্ত ভাইরাস হতে বাচঁতে হলে সকলকে মাস্ক ব্যবহার করতে হবে। তিনি এ উপজেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা/ব্রীজ/কালভার্ট জরুরী সংস্কারের ব্যবস্থা করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।<br>২০২০-২০২১ অর্থ বছরে এডিপির ১ম কিস্তিতে ৩১.৪৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ অনুপাতে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে প্রকল্প দিতে অনুরোধ জানান। | করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবরোধে সকলকে মাস্ক ব্যবহার করতে হবে। এ উপজেলার সকল ইউনিয়নে বন্যায় যে সমস্ত রাস্তা, ব্রীজ, কালভার্ট ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলি দ্রুত সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সংশ্লিষ্ট সকলেই এডিপির প্রকল্প তালিকা দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ আব্দুল খালেক 29/10/20
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২৪০.০০০.০৬.০১৫.১৮- ৭৪২ (৫০)

তারিখ: ২০ কার্তিক ১৪২৭ / ০৫ নভেম্বর ২০২০

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৭ নেত্রকোণা - ১ ।
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, নেত্রকোণা।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।
৭। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কলমাকান্দা,নেত্রকোণা।
৮। উপজেলা ........................................................... অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।
৯। সহকারী প্রোগ্রামার, কলমাকান্দা, নেত্রকোণা । তাকে উক্ত কার্যবিবরণী উপজেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য বলা হলো ।
১০। চেয়ারম্যান ............................................. (সকল ইউপি), কলমাকান্দা,নেত্রকোণা।

(মোঃ সোহেল রানা)
উপজেলা নির্বাহী অফিসার
কলমাকান্দা,নেত্রকোণা।

## <u>পরিশিষ্ট ক 'গ'</u>

উপজেলা পরিষদের অভ্যন্তরিন রাস্তা পুনঃনির্মাণ, গাইড ওয়াল নির্মাণ, কৃষি জমি রক্ষায় নালা খনন সহ জোড়াবাড়ীর কেতুকি ভবন <u>সংস্কার প্রকল্প নিম্নরূপঃ</u>

# উপজেলা ভূমি অফিস হতে বর্তমান প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিসের পিছন পর্যন্ত রাস্তা পুনঃনির্মাণ।
# চামেলী ভবনের সম্মুখ হতে উপজেলা সমাজ সেবা অফিস পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।
# উপজেলা পরিষদ কোয়ার্টার হতে কেতুকি ভবন পর্যন্ত নতুন রাস্তা নির্মাণ।
# আমার বাড়ী আমার বাড়ী অফিস পর্যন্ত সংযোগ রাস্তা নির্মাণ।
# উপজেলা শিক্ষা অফিস হতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পর্যন্ত পুকুর পারের গাইড ওয়াল নির্মাণ।
# উপজেলা পরিষদ কোয়ার্টার হতে কেতুকি ভবন পর্যন্ত পুকুর পারের গাইড ওয়াল নির্মাণ।
# চামলী ভবন হতে কেতুকি ভবন পর্যন্ত পুকুর পারের গাইড ওয়াল নির্মাণ।
# অপরাজিতা ভবনের পিছন হতে পশ্চিম দিক হয়ে জেলা পরিষদ মাল্টিপারপাস অডিটরিয়াম পর্যন্ত রাস্তা নির্মাণ।
# সিধলী বাসস্ট্যান্ড হতে সিধলী বাজার রাস্তায় আদলা ও বালু ভরাট প্রকল্প।
# লিলুয়া বিল হতে বড়কান্দা রশিদের বাড়ির পিছন পর্যন্ত নালা খনন প্রকল্প।
# জসিউরা খালের সুইজ গেইট হতে আমিনুল হক লাহদ এর বাড়ির পাশ পর্যন্ত নালা খনন।
# কেতুকি ভবনের নীচ তলার দক্ষিণ পাশের ইউনিটের ০২ টি টয়লেট সংস্কার, উক্ত ভবনের অন্যান্য ইউনিটে ০৩টি সিন স্থাপন ও পানি সাপ্লাই ও পয়নিষ্কাশন সংস্কার কাজ ( বিআরডিবির অর্থায়নেবাস্তবায়ন।

২৯/১০/২০২০
মোঃ সোহেল রানা
উপজেলা নির্বাহী অফিসার
কলমাকান্দা, নেত্রকোণা

২৯/১০/২০
মোঃ আব্দুল খালেক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কলমাকান্দা, নেত্রকোণা